বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বা/এ ঢাকা
সাধারণ পরিচর্যা বিভাগ
www.badc.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২০৬.২২.০০১.১৮.১৮

তারিখ: ৮ মাঘ ১৪২৬
২২ জানুয়ারি ২০২০

বিষয়: **বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)'র মোটরযান, নৌ-যান, কৃষি যন্ত্রপাতি, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও মালামাল অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালার চূড়ান্ত খসড়ার উপর মতামত প্রদান প্রসঙ্গ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিএডিসি'র আওতাধীন মোটরযান, নৌ-যান, কৃষি যন্ত্রপাতি, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও মালামাল অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তি সংক্রান্ত নীতিমালার খসড়া চূড়ান্তকরণের জন্য একটি কমিটি গঠন করা হয়। কমিটি কর্তৃক ইতোমধ্যে উক্ত নীতিমালার চূড়ান্ত খসড়া প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত খসড়ার উপর বিগত ২৩ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহিত সিদ্ধান্ত মোতবেক বিভিন্ন ক্ষেত্রে সংশোধনী আনয়নপূর্বক পুনরায় সংশোধিত খসড়া নীতিমালা প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি-ক)।

০২। এমতাবস্থায়, সংশোধিত খসড়া নীতিমালার উপর সুস্পষ্ট মতামত ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২২-১-২০২০
আব্দুল লতিফ মোল্লা
সচিব

বিতরণ :

১) কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (নীতিমালাটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

২) ..............................................................বিভাগীয় প্রধান (সকল) , বিএডিসি (মাঠ পর্যায়ের সকল দপ্তরে প্রেরণসহ মতামত প্রদানের জন্য)।

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২০৬.২২.০০১.১৮.১৮/১(৭)

তারিখ: ৮ মাঘ ১৪২৬
২২ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

২) অফিস কপি/মাস্টার ফাইল, সাধারণ পরিচর্যা বিভাগ

৩) সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/ অর্থ/ ক্ষুদ্রসেচ/ সার ব্যবস্থাপনা)/ সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

২২-১-২০২০

মোস্তফা শওকত আল-ফয়সল

উপপরিচালক

চূড়ান্ত খসড়া

(১৩/০১/২০২০ খ্রি:)

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)'র মোটরযান, নৌ-যান, কৃষি যন্ত্রপাতি, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও মালামাল অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)'র মোটরযান, নৌ-যান, কৃষি যন্ত্রপাতি, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও মালামাল অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে বর্তমানে বিএডিসি'র ১৬ সেপ্টেম্বর, ১৯৮৬ তারিখের পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক ২২ অক্টোবর, ১৯৮৬ তারিখের স্মারক নং এডিসি/সিএস/১টি-৭৭০/৮০-৮১/১০০৪ মাধ্যমে জারীকৃত নীতিমালাটি অনুসৃত হইতেছে। বর্তমান বাস্তবতার আলোকে এতদ্‌সংক্রান্ত বিদ্যমান নীতিমালাটি পূর্ণাঙ্গ নয়। পূর্বে কম্পিউটারের প্রচলন ছিল না বিধায় তাহা বিদ্যমান নীতিমালায় তখন অন্তর্ভুক্ত হয় নাই। বর্তমানে দেশে কম্পিউটারের ব্যবহার ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা অনুভূত হইয়াছে। তাছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের (সংস্থাপন মন্ত্রণালয়, পরিবহন শাখা) ১১ মে, ১৯৯৯ তারিখের অফিস স্মারক নং সম(পরি) প-৫/৯৮-১৫৮(২০০) এর মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক একটি পূর্ণাঙ্গ নীতিমালা প্রণয়ন করা হইয়াছে। উক্ত নীতিমালার ৭ নং ধারায় নির্দেশনার আলোকে বিএডিসি'র মোটরযান, নৌ-যান, কৃষি যন্ত্রপাতি, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও মালামাল অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির জন্য নিম্নোক্তরূপে একটি পূর্ণাঙ্গ নীতিমালা প্রণয়ন করা হইল:

০২। বিএডিসি'র মোটরযান, নৌ-যান, কৃষি যন্ত্রপাতি, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও মালামাল অকেজো ঘোষণাকরণ কমিটি নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হইল:

## সদর দপ্তর:

| | | |
|---|---|---|
| ক) | বিএডিসি'র পরিচালক (অর্থ) | সভাপতি |
| খ) | বিএডিসি'র সহকারী প্রকৌশলী (যানবাহন) | সদস্য |
| গ) | নৌযানের ব্যাপারে অভিজ্ঞ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ বা বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন সংস্থার একজন উর্ধ্বতন প্রকৌশলী/সরকারি যানবাহন অধিদপ্তরের পরিচালক (নৌ) এর কার্যালয়ের একজন উপযুক্ত কর্মকর্তা | সদস্য |
| ঘ) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর একজন কম্পিউটার বিশেষজ্ঞ | সদস্য |
| ঙ) | বিএডিসি'র সহকারী প্রোগ্রামার ডাটা এনালিস্ট (মনিটরিং/পরিকল্পনা) | সদস্য |
| চ) | বিএডিসি'র সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | সদস্য |
| ছ) | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)'র একজন প্রতিনিধি | সদস্য |
| জ) | সংশ্লিষ্ট ব্যবহারকারী দপ্তরের উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ঞ) | বিএডিসি'র সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান | সদস্য সচিব |

## জেলা/মাঠ পর্যায়ের জন্য কমিটি:

| | | |
|---|---|---|
| ক) | বিএডিসি'র ৯ম গ্রেডের নিম্নে নয় এমন একজন সর্বজ্যেষ্ঠ কর্মকর্তা * | সভাপতি |
| খ) | বিএডিসি'র সহকারী পরিচালক | সদস্য |
| গ) | নৌযানের ব্যাপারে অভিজ্ঞ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ বা বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন সংস্থার একজন উর্ধ্বতন প্রকৌশলী/সরকারি যানবাহন অধিদপ্তরের পরিচালক (নৌ) এর কার্যালয়ের একজন উপযুক্ত কর্মকর্তা অথবা বিএডিসি/ পানি উন্নয়ন বোর্ড এর একজন উপযুক্ত কর্মকর্তা | সদস্য |

| | | |
|---|---|---|
| ঘ) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের একজন কম্পিউটার বিশেষজ্ঞ | সদস্য |
| ঙ) | কম্পিউটার বিষয়ে অভিজ্ঞ বিএডিসি'র একজন উপযুক্ত কর্মকর্তা | সদস্য |
| চ) | বিএডিসি'র সহকারী প্রকৌশলী | সদস্য |
| ছ) | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| জ) | সংশ্লিষ্ট ব্যবহারকারী দপ্তরের উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ঞ) | বিএডিসি'র সংশ্লিষ্ট দপ্তর প্রধান | সদস্য সচিব |

* সর্বজ্যেষ্ঠ কর্মকর্তা ব্যবহারকারী /দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হলে তদ্‌নিম্ন জ্যেষ্ঠতম কর্মকর্তা সভাপতির দায়িত্ব পালন করবেন।

৩। এই কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করিতে পারিবেন।

৪। প্রত্যেক বিভাগ/দপ্তর কাজের প্রয়োজনে স্বতন্ত্রভাবে অফিস আদেশের মাধ্যমে সদস্যদের নাম/পদবি উল্লেখপূর্বক কমিটি গঠন করিবেন। কমিটি কাজের ভিন্নতায় নিম্নরূপভাবে কাজ করিবেন:

৪.১ মোটরযান অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় উভয় কমিটির ক্ষেত্রে ২নং অনুচ্ছেদের (খ), (ছ) ও (জ) ক্রমিকে উল্লেখিত কর্মকর্তাগণকে অবশ্যই উপস্থিত থাকিতে হইবে।

৪.২ নৌযান অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় উভয় কমিটির ক্ষেত্রে ২ নং অনুচ্ছেদের (গ) ও (জ) ক্রমিকে উল্লিখিত কর্মকর্তাগণকে অবশ্যই উপস্থিত থাকিতে হইবে।

৪.৩ অফিসে ব্যবহৃত কৃষি যন্ত্রপাতিসমূহ ও অন্যান্য যন্ত্রপাতি এবং মালামাল অকেজোর ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং অনুচ্ছেদের (চ) ও (জ) ক্রমিকে উল্লেখিত কর্মকর্তাগণকে অবশ্যই উপস্থিত থাকিতে হইবে।

৪.৪ কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং অনুচ্ছেদের (ঘ), (ঙ) ও (জ) ক্রমিকে উল্লেখিত কর্মকর্তাগণকে অবশ্যই উপস্থিত থাকিতে হইবে।

৫। অকেজো ঘোষণাকরণ কমিটির সদস্য সচিব সভাপতির সহিত আলোচনাপূর্বক কমিটির সভা আহবান করিবেন এবং অকেজো ঘোষণাযোগ্য মোটরযান, নৌযান, কৃষি যন্ত্রপাতি, কম্পিউটার ও অফিসের ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও মালামালের সংরক্ষিত মূল্য নির্ধারণ করিয়া কমিটির মতামত সভার কার্যবিবরণীতে সুপারিশ আকারে লিপিবদ্ধ করিবেন। সংশ্লিষ্ট মোটরযান, নৌযান, কৃষি যন্ত্রপাতি, কম্পিউটার ও অফিসের ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও মালামালের ব্যবহারকারী দপ্তর অকেজো ঘোষণাকরণ কমিটির সুপারিশের আলোকে ঐগুলোর ওপর চূড়ান্ত সিদ্ধান্তের জন্য স্বীয় দপ্তর/বিভাগীয় প্রধানের নিকট পেশ করিবেন। প্রয়োজনবোধে উক্ত কমিটি যুক্তিসঙ্গত কারণে সংরক্ষিত মূল্য পুনঃনির্ধারণের জন্য সুপারিশ করিতে পারিবেন।

৬। অকেজো ঘোষাণাকরণ কমিটি প্রয়োজন মনে করিলে সকল বা কিছু সংখ্যক অকেজো ঘোষণার প্রস্তাবকৃত মোটরযান, নৌযান, কৃষি যন্ত্রপাতি, কম্পিউটার ও অফিসের ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও মালামালের প্রত্যক্ষ পরিদর্শন করিতে পারিবেন।

৭। এই নীতিমালার আওতায় নিম্নলিখিত যানবাহন/যন্ত্রপাতি/মালামাল অন্তর্ভুক্ত থাকিবে:

৭.১ সকল প্রকার মোটরযান যেমন-কার, জীপ, পিকআপ, মাইক্রোবাস, মিনিবাস, বাস, এম্বুলেন্স, ট্রাক, মোটরসাইকেল, সাইকেল ইত্যাদি।

৭.২ সকল প্রকার নৌযান যেমন- লঞ্চ, কেবিন ক্রুজার, রেসকিউ বোট, স্পিডবোট ইত্যাদি।

৭.৩ কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও মালামাল।

৭.৪ অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি যেমন-টাইপরাইটার মেশিন, ফটোকপিয়ার মেশিন, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, ফ্রাংকিং মেশিন, এয়ার কন্ডিশনার ইত্যাদি ও অফিসে ব্যবহৃত আসবাপপত্রসহ অন্যান্য মালামাল।

৭.৫ কৃষি যন্ত্রপাতি যেমন- পাওয়ার টিলার, ট্রাক্টর, ইঞ্জিন, মোটর, পাম্প, সরঞ্জামাদি, হারভেস্টারসহ গ্রেডার, ড্রায়ার, ডিহিউমিডিফায়ার, পাওয়ার পাম্প, খুচরা যন্ত্রাংশ, হিমাগারের যন্ত্রাংশসহ সকল যন্ত্রপাতিসমূহ ইত্যাদি।

মোটরযান, নৌযান, কৃষি যন্ত্রপাতি, কম্পিউটার ও অফিসের ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও মালামাল অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে:

**৮। মোটরযান:**

**৮.১। মোটরযান অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলী:**

মেরামতের অযোগ্য হলে মোটরযান সম্পর্কে সংশ্লিষ্ট দপ্তর/ব্যবহারকারী দপ্তর প্রত্যক্ষ পরিদর্শনপূর্বক নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট ক-১ ও পরিশিষ্ট ক-২) বিস্তারিত বিবরণসহ কারিগরি প্রতিবেদন প্রণয়ন করিয়া অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা বিএডিসি'র সংশ্লিষ্ট **অকেজো ঘোষণাকরণ কমিটি** এর নিকট প্রস্তাব প্রেরণ করিবেন।

**৮.২। মোটরযান অকেজো ঘোষণার নির্ণায়ক:**

৮.২.১ ঘন ঘন মেরামতের ফলে মেরামত করিয়া চালানো অলাভজনক হইয়া পড়িয়াছে এইরূপ মোটরযান;

৮.২.২ মডেল পরিবর্তনের কারণে বাজারে সরবরাহ বন্ধ হইয়া গিয়াছে এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন আছে এইরূপ মোটরযান;

৮.২.৩ মেরামত করিয়া নির্ভরযাগ্য ব্যবহারোপযোগী করিতে যেই সমস্ত মোটরযানের বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশি ব্যয় হইবে এইরূপ মোটরযান;

৮.২.৪ দুই এর অধিক প্রধান ইউনিটের সমস্ত যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হইয়াছে এইরূপ মোটরযান;

৮.২.৫ দূর্ঘটনায় ক্ষতিগ্রস্ত মোটরযানের কাঠামো দুমড়াইয়া/মুচড়াইয়া গিয়াছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হইয়াছে এইরূপ মোটরযান;

**৮.৩। অকেজো ঘোষিত মোটরযান নিষ্পত্তি প্রক্রিয়া:**

৮.৩.১ কোন মোটরযান চূড়ান্তভাবে অকেজো ঘোষিত হইবার পর সংশ্লিষ্ট দপ্তর উহা বিক্রয়ের নিমিত্তে ১টি বাংলা ও ১টি ইংরেজি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র আহবান করিবে। দরপত্র সিডিউলে মোটরযানটির সংরক্ষিত মূল্য উল্লেখ করিতে হইবে। এই ক্ষেত্রে দরপত্রদাতা দরপত্রের সহিত আর্নেস্টমানি হিসাবে সংরক্ষিত মূল্যের কমপক্ষে ১০% টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রদান করিবেন। সদর দপ্তরে বছরে সর্বোচ্চ ৩ (তিন) বার এবং মাঠ পর্যায়ে বছরে সর্বোচ্চ ২ (দুই) বার বিক্রয় কার্যক্রম সম্পাদন করা যাবে।

৮.৩.২ দরপত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের দরপত্র কমিটি (পরিশিষ্ট-চ) দরপত্রগুলি পরীক্ষা করিয়া ইহার সুপারিশ **বিএডিসি'র ভাড়া ও মূল্য নির্ধারণ কমিটি** (পরিশিষ্ট-ছ) এর নিকট অনুমোদনের জন্য প্রেরণ করিবেন।

৮.৩.৩ অকেজো ঘোষিত মোটরযান সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হইলে সংশ্লিষ্ট দপ্তর স্বীয় দপ্তর/বিভাগের অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করিবে এবং অকেজো ঘোষণাকরণে কমিটি এই নীতিমালার ৫ নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করিবেন।

৯। নৌযান:

**৯.১ নৌযান অকেজো ঘোষণা করার জন্য অনুসৃত বিষয়াবলী:**

৯.১.১ মেরামতের অযোগ্য হলে নৌযান সম্পর্কে সংশ্লিষ্ট দপ্তর/ব্যবহারকারী দপ্তর প্রত্যক্ষ পরিদর্শনপূর্বক নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট খ-১ ও পরিশিষ্ট খ-২) বিস্তারিত বিবরণসহ কারিগরি প্রতিবেদন প্রণয়ন করিয়া অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা বিএডিসি'র **অকেজো ঘোষণাকরণ কমিটি** এর নিকট প্রস্তাব প্রেরণ করিবেন।

৯.১.২ নৌযানের ক্ষেত্রে ইঞ্জিন বা নৌযানের হালবডি অকেজো ঘোষণা করা যাইবে।

৯.২। নৌযান অকেজো ঘোষণার নিণায়কসমূহ:

৯.২.১ ঘন ঘন মেরামত করিতে হয় এবং পরিচালনায় ব্যয় অলাভজনক হয় এইরূপ নৌযান/হালবডি/ইঞ্জিন।

৯.২.২ দীর্ঘকাল চলার পর মেরামত করিয়া নির্ভরযোগ্য ব্যবহারের উপযোগী করিতে যে সমস্ত নৌযান/হালবডি/ইঞ্জিন অনুরূপ নতুন একটির বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশি ব্যয় হয়।

৯.২.৩ সাধারণ ক্ষয়-ক্ষতির কারণ যখন নৌযানের হালবডির ন্যূনতম ৬০% লোহার প্লেড/এ্যাংগেল ইত্যাদি বদলি করিতে হয় এইরূপ হালবডি।

৯.২.৪ কোন নৌযান/হালবডি/ইঞ্জিন দুর্ঘটনায় পড়িয়া বা প্রাকৃতিক দুর্যোগে ডুবিয়া গেলে বা উহার অবকাঠামো দুমড়াইয়া/মুচড়াইয়া যাওয়ার কারণে একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হইয়া যায় অথবা উহা পুনরায় উদ্ধার করিতে অথবা মেরামত করিতে অনুরূপ একটি নতুন নৌযানের বর্তমান মূল্যের ৭৫% এর বেশি ব্যয় হওয়ার সম্ভাবনা থাকে এইরূপ নৌযান/হালবডি/ইঞ্জিন।

৯.২.৫ কোন বড় ধরনের ত্রুটির জন্য কর্মক্ষমতা হ্রাস পাইয়াছে এবং নদীতে চালানোর ঝুঁকিপূর্ণ বা নিরাপদ নয় এইরূপ নৌযান/হালবডি/ইঞ্জিন।

৯.২.৬ ইঞ্জিনের জ্বালানী খরচ মাত্রাতিরিক্ত বেশি হওয়ার কারণে ইঞ্জিন চালানোর ব্যয়বহুল হয় এইরূপ ইঞ্জিন।

৯.২.৭ মডেল পরিবর্তনের কারণে ইঞ্জিনের উৎপাদন ও সরবরাহ বন্ধ বা অনিয়মিত থাকায় বাজারে নতুন যন্ত্রাংশের দুষ্প্রাপ্যতা দেখা দেয় এইরূপ ইঞ্জিন।

৯.৩। অকেজো ঘোষিত নৌযান নিষ্পত্তির প্রক্রিয়া:

৯.৩.১ কোন নৌযান/হালবডি/ইঞ্জিন চূড়ান্তভাবে অকেজো ঘোষিত হইবার পর ব্যবহারকারী দপ্তর উহা বিক্রয়ের নিমিত্ত ১টি বাংলা ও ১টি ইংরেজি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র আহবান করিবেন। অকেজো ঘোষণার পর যেখানে যে অবস্থায় আছে সেই ভিত্তিতে অকেজো ঘোষিত নৌযান/হালবডি/ইঞ্জিন সিল্ড টেন্ডারের মাধ্যমে বিক্রয় করা যাইবে। দরপত্র সিডিউলে নৌযানটির

মূল্যের কমপক্ষে ১০% টাকা পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রদান করিবেন। সদর দপ্তরে বছরে সর্বোচ্চ ৩ (তিন) বার এবং মাঠ পর্যায়ে বছরে সর্বোচ্চ ২ (দুই) বার বিক্রয় কার্যক্রম সম্পাদন করা যাবে।

৯.৩.২ দরপত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট দপ্তরের দরপত্র কমিটি (পরিশিষ্ট-চ) দরপত্রগুলি পরীক্ষান্তে সুপারিশসহ সংশ্লিষ্ট **বিএডিসি'র ভাড়া ও মূল্য নির্ধারণ কমিটি'র** (পরিশিষ্ট-ছ) নিকট অনুমোদনের জন্য প্রেরণ করিবেন।

৯.৩.৩ অকেজো ঘোষিত নৌযান/হালবডি/ইঞ্জিন সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব হইলে সংশ্লিষ্ট দপ্তর স্বীয় মন্ত্রণালয়/বিভাগের অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উপস্থাপন করিবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার ৫নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করিবেন।

১০। **কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি:**

১০.১। কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলী:

মেরামতের অযোগ্য হলে কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সম্পর্কে সংশ্লিষ্ট দপ্তর/ব্যবহারকারী দপ্তর প্রত্যক্ষ পরিদর্শনপূর্বক নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট-গ) বিস্তারিত বিবরণ প্রণয়ন করিয়া অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা **বিএডিসি'র অকেজো ঘোষণাকরণ কমিটি** (পরিশিষ্ট-ছ) এর নিকট প্রস্তাব প্রেরণ করিবেন।

**১০.২। কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণয়ক:**

১০.২.১ ঘন ঘন ত্রুটি দেখা যাইতেছে এমন সব কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি যাহা বার বার মেরামতের ফলে ব্যবহার আর্থিকভাবে অলাভজনক হইয়া পড়িয়াছে।

১০.২.২ যে সকল কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন রহিয়াছে, মডেল পরিবর্তন অথবা প্রযুক্তির উৎকর্ষের কারণে যাহার উৎপাদন ও সরবরাহ বন্ধ হইয়া গিয়াছে এইরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১০.২.৩ মেরামত করিয়া এক বৎসর পূর্ণ ওয়ারেন্টিসহ সম্পূর্ণ ত্রুটিহীন ও সচল করিয়া একই ক্ষমতাসম্পন্ন অনুরূপ যন্ত্রাদির বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশি ব্যয় হইবে এইরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১০.২.৪ দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিগ্রস্ত হইয়াছে অথবা যাহার অবয়ব/কাঠামোগত বিকৃতি ঘটিয়াছে এইরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১০.২.৫ হার্ডওয়ার এর গোলযোগের কারণে বার বার ত্রুটিপূর্ণ ফলাফল প্রদান করিতেছে অথচ কোনভাবেই ত্রুটি নির্ণয় করা অথবা ত্রুটিমুক্ত করা সম্ভব হইতেছে না এইরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১০.২.৬ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির আয়ুষ্কাল (ওয়ারেন্টিকাল+অতিরিক্ত ৫ বছর = ন্যূনতম ৬ বছর) অতিবাহিত হইয়াছে এবং কার্যকারিতা ভীষণভাবে কমিয়া গিয়াছে এমন কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

## ১০.৩। অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি নিস্পত্তি প্রক্রিয়া:

১০.৩.১ সংশ্লিষ্ট দপ্তর অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিধি মোতাবেক বিক্রয় করিবে। সদর দপ্তরে বছরে সর্বোচ্চ ৩ (তিন) বার এবং মাঠ পর্যায়ে বছরে সর্বোচ্চ ২ (দুই) বার বিক্রয় কার্যক্রম সম্পাদন করা যাবে।

১০.৩.২ যদি উহা প্রদর্শনযোগ্য হয় তাহা হইলে প্রদর্শনের নিমিত্ত তাহা কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক যাদুঘর/অনুরূপ প্রতিষ্ঠানে হস্তান্তর করা যাইবে। এই ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি সংশ্লিষ্ট দপ্তর সংরক্ষণ করিবে।

১০.৩.৩ দেশের কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক গবেষণা/শিক্ষা প্রতিষ্ঠান বিএডিসি'র গবেষণা/প্রশিক্ষণ কাজে কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি হস্তান্তর করা যাইবে। এই ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি সংশ্লিষ্ট দপ্তর সংরক্ষণ করিবে।

১০.৩.৪ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হইলে ব্যবহারকারী দপ্তর স্বীয় দপ্তর/বিভাগের অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করিবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার ৫নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করিবেন।

১০.৩.৫ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল/ বিএডিসি'র আইসিটি সেল/ আইসিটি অধিদপ্তরের একজন কম্পিউটার বিশেষজ্ঞের প্রতিবেদন হইতে যদি প্রতীয়মান হয় যে, অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি কোন সংরক্ষিত মূল্য নাই তবে সংশ্লিষ্ট দপ্তর এইরূপ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিনষ্ট করিতে পারিবেন।

## ১১। কৃষি যন্ত্রপাতি

### ১১.১। কৃষি যন্ত্রপাতি অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলী:

মেরামতের অযোগ্য হলে কৃষি যন্ত্রপাতি সম্পর্কে সংশ্লিষ্ট দপ্তর/ব্যবহারকারী দপ্তর প্রত্যক্ষ পরিদর্শনপূর্বক নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট-ঘ) বিস্তারিত বিবরণ প্রণয়ন করিয়া অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা বিএডিসি'র **অকেজো ঘোষণাকরণ কমিটি** এর নিকট প্রস্তাব প্রেরণ করিবেন।

### ১১.২। কৃষি যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণায়ক:

১১.২.১ ঘন ঘন মেরামতের ফলে মেরামত করিয়া চালানো/ব্যবহার অলাভজনক হইয়া পড়িয়াছে এইরূপ কৃষি যন্ত্রপাতি।

১১.২.২ মডেল পরিবর্তনের দরুণ বাজারে সরবরাহ বন্ধ হইয়া গিয়াছে এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন আছে এইরূপ কৃষি যন্ত্রপাতি।

১১.২.৩ মেরামত করিয়া নির্ভরযাগ্য ব্যবহারোপযোগী করিতে যেই সমস্ত কৃষি যন্ত্রপাতির বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশি ব্যয় হইবে এইরূপ কৃষি যন্ত্রপাতি।

১১.২.৪ দুই এর অধিক প্রধান ইউনিটের সমস্ত যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হইয়াছে এইরূপ কৃষি যন্ত্রপাতি।

১১.২.৫ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত কৃষি যন্ত্রপাতির কাঠামো দুমড়াইয়া/মুচড়াইয়া গিয়াছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হইয়াছে এইরূপ কৃষি যন্ত্রপাতি।

১১.৩। **অকেজো ঘোষিত কৃষি যন্ত্রপাতি নিষ্পত্তি প্রক্রিয়া:**

১১.৩.১ কোন কৃষি যন্ত্রপাতি চূড়ান্তভাবে অকেজো ঘোষিত হইবার পর সংশ্লিষ্ট দপ্তর উহা বিক্রয়ের নিমিত্ত ১টি বাংলা ও ১টি ইংরেজি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র আহবান করিবেন। তবে কৃষি যন্ত্রপাতির সংরক্ষিত মূল্য ২ (দুই) লক্ষ টাকার নিম্নে হলে স্থানীয়ভাবে নোটিশের মাধ্যমে বিক্রয় করিবেন। দরপত্র সিডিউলে কৃষি যন্ত্রপাতির সংরক্ষিত মূল্য উল্লেখ করিতে হইবে। এই ক্ষেত্রে দরপত্রদাতা দরপত্রের সহিত আর্নেষ্টমানি হিসাবে সংরক্ষিত মূল্যের কমপক্ষে ১০% টাকা পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রদান করিবেন। সদর দপ্তরে বছরে সর্বোচ্চ ৩ (তিন) বার এবং মাঠ পর্যায়ে বছরে সর্বোচ্চ ২ (দুই) বার বিক্রয় কার্যক্রম সম্পাদন করা যাবে।

১১.৩.২ দরপত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের দরপত্র কমিটি (পরিশিষ্ট –চ) দরপত্রগুলি পরীক্ষা করিয়া ইহার সুপারিশ বিএডিসি'র **ভাড়া ও মূল্য নির্ধারণ কমিটি'র** (পরিশিষ্ট –ছ) নিকট অনুমোদনের জন্য প্রেরণ করিবেন।

১১.৩.৩ অকেজো ঘোষিত কৃষি যন্ত্রপাতি সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হইলে সংশ্লিষ্ট দপ্তর স্বীয় দপ্তর/বিভাগের অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করিবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার ৫ নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করিবেন।

১২। **অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি, আসবাপপত্র ও অন্যান্য মালামাল:**

১২.১ অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি যেমন- টাইপরাইটার মেশিন, ফটোকপিয়ার মেশিন, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, ফ্রাংকিং মেশিন, এয়ার-কন্ডিশনার, আসবাপপত্রসমূহ ইত্যাদি অকেজো ঘোষণাকরণের নিমিত্ত ব্যবহারকারী দপ্তর একটি নির্ধারিত ছকে (পরিশিষ্ট-ঙ) প্রয়োজনীয় তথ্যাবলী প্রস্তুত করিবে। সকল বিভাগ/দপ্তর তাহাদের ব্যবহৃত যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের জন্য অভিজ্ঞ কর্মকর্তা/প্রকৌশলী নিয়ে কমপক্ষে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করিবে। নির্ধারিত ছকে প্রদত্ত তথ্যাবলী বিবেচনা করিয়া এবং প্রত্যক্ষ পরিদর্শনের মাধ্যমে এই কমিটি যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ সম্পর্কে মতামত প্রদান করিবে যাহাতে বর্তমান বাজার মূল্য বিবেচনায় একটি সংরক্ষিত মূল্য ধার্য্য থাকিবে। উক্ত কারিগরি কমিটির মতামতের ভিত্তিতে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধান অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি অকেজো ঘোষণা করিবেন।

১২.২ **অকেজো ঘোষিত অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি, আসবাপপত্র ও অন্যান্য মালামাল নিষ্পত্তি প্রক্রিয়া:**

অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি, আসবাপপত্র ও অন্যান্য মালামাল চূড়ান্তভাবে অকেজো ঘোষিত হইবার পর সংশ্লিষ্ট দপ্তর উহা বিক্রয়ের নিমিত্ত যন্ত্রপাতির সংরক্ষিত মূল্য ২ (দুই) লক্ষ টাকার নিম্নে হলে স্থানীয়ভাবে নোটিশের মাধ্যমে বিক্রয় করিবেন। দরপত্র সিডিউলে সংরক্ষিত মূল্য উল্লেখ করিতে হইবে। এই ক্ষেত্রে দরপত্রদাতা দরপত্রের সহিত আর্নেষ্টমানি হিসাবে সংরক্ষিত মূল্যের কমপক্ষে ১০% টাকা পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রদান করিবেন। সদর দপ্তরে বছরে সর্বোচ্চ ৩ (তিন) বার এবং মাঠ পর্যায়ে বছরে সর্বোচ্চ ২ (দুই) বার বিক্রয় কার্যক্রম সম্পাদন করা যাবে।

১২.৩ ব্যবহারকারী দপ্তর যদি অকেজো ঘোষিত যন্ত্রপাতির ব্যবহারকারী দপ্তর না হয় তবে সংশ্লিষ্ট দপ্তরের মতামতের ভিত্তিতে তাহা নিষ্পত্তি করিবেন।

পরিশিষ্ট-ক-১

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি মন্ত্রণালয়
দপ্তর /বিভাগের নাম ও ঠিকানা: ..........................

মোটরযান অকেজো ঘোষণাকল্পে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক সরবরাহযোগ্য তথ্য বিবরণী :

১। (ক) রেজি নং ........................ তারিখ ......................

(খ) নির্মাতা...................

(গ) গাড়ির ধরণ ..............................

(ঘ) প্রস্তুতকাল ...................................

(ঙ) চেসিস নং ................................ মডেল ..........................................

(চ) ইঞ্জিন নং ................................ মডেল ..........................................

(ছ) ইঞ্জিন (পেট্রোল/ডিজেল):......................

(জ) সিলিন্ডারের সংখ্যা ......................

(ঝ) কিলোমিটার প্রতি লিটারে ...................................................................

২। (ক) মোট কতদিন যাবত বিকল আছে .....................................................................

(খ) বৈকল্যের কারণসমূহঃ

(১) ...........................................................................................

(২) ...........................................................................................

(৩) ...........................................................................................

(৪) ...........................................................................................

(৫) ...........................................................................................

(৬) ...........................................................................................

(৭) ...........................................................................................

(৮) ...........................................................................................

(৯) ...........................................................................................

৩। (ক) মোটরযানটি যে স্থানে বর্তমানে আছে
........................................
............................
............................
............................
............................

(খ) মোটরযান নিয়ন্ত্রণকারীঃ
নাম....................
পদবি..................
ঠিকানা ..................................
টেলিফোন..................
মোবাইল....................

৪। মোটরযান প্রাপ্তির উৎস/ক্রয়মূল্য/ক্রয়ের তারিখ : ..................................

৫। প্রতিবারের মেজর ইউনিটসমূহের ওভারহলিং এর তারিখ ও মেরামত কাজের খরচসহ বিস্তারিত বিবরণঃ ......................................................................................................

৬। মোটরযান মোট কত কিলোমিটার চলিয়াছে ..................................................................

ক) নতুন অবস্থায় কত কিলোমিটার চলিয়াছে ............................................................

খ) ইঞ্জিনের প্রথম ওভারহলিং এর পর কত কিলোমিটার চলিয়াছে .............................. মেরামত খরচ .......................................... টাকা

গ) ইঞ্জিনের দ্বিতীয় ওভারহলিং এর পর কত কিলোমিটার চলিয়াছে ............................................ মেরামত খরচ .......................................... টাকা

ঘ) ইঞ্জিনের তৃতীয় ওভারহলিং এর পর কত কিলোমিটার চলিয়াছে .............................. মেরামত খরচ .......................................... টাকা

ঙ) ইঞ্জিন ব্যতীত অন্যান্য খরচ ...................................................... টাকা

চ) ক্রয়ের তারিখ হইতে অচল হওয়া পর্যন্ত সর্বমোট মেরামত খরচ ................. টাকা

৭। মোটরযানটির আনুমানিক বর্তমান বাজার মূল্য ............

৮। মেরামতের জন্য প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ সংগ্রহ করা সম্ভব কি (হ্যাঁ/না)

৯। বর্তমানে মেরামত করিতে আনুমানিক কত টাকা খরচ হইতে পারে .............................. টাকা।

ইহা বর্তমানে আনুমানিক বাজার মূল্যের শতকরা কত ভাগ.......................................

১০। অকেজো ঘোষণা করিবার পক্ষে যুক্তি ..................................................................

(প্রয়োজনে আলাদাভাবে দেওয়া যাইতে পারে) .......................................................

১১। পরিদর্শনকারীর মতামতঃ

| | | |
|---|---|---|
| বিবরণ প্রস্তুতকারীর<br>নাম, স্বাক্ষর ও সিল | সংশ্লিষ্ট ব্যবহারকারী দপ্তর/বিভাগের<br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, স্বাক্ষর ও সিল | সংশ্লিষ্ট দপ্তর/ বিভাগীয় প্রধানের<br>নাম, স্বাক্ষর ও সিল |

পরিশিষ্ট ক-২

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি মন্ত্রণালয়

দপ্তর /বিভাগের নাম ও ঠিকানা: ..........................

পরিদর্শনের তারিখ: .......................

বিষয়ঃ বিএডিসি'র মোটরযান অকেজো ঘোষণার জন্য পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন

রেজিষ্ট্রেশন নং ......................... তৈরির সন...................... গাড়ির ধরন .......................

মোটরযান চালকের নাম ........................... চেসিস নং ..............................................

ইঞ্জিন নং ............................. ইঞ্জিন (পেট্রোল/ডিজেল) ............ সিলিন্ডারের সংখ্যা...................

বিকল/চালু, প্রতি লিটারে কত কিলোমিটার ..............................................

১। পর্যবেক্ষণ ......................................................................................................................

......................................................................................................................

| ক্রঃ নং | ইউনিট/মূল যন্ত্রাংশ/মডেল | বর্তমান অবস্থা (সঠিকটি টিক চিহ্ন দিন বাকীগুলো এক লাইনে কেটে দিন) | আনুমানিক মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১ | ইঞ্জিন এসেম্বলী | সম্পূর্ণ/অসম্পূর্ণ/অকেজো/নাই | | |
| ১.২ | সাইলেন্সার এসেম্বলী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৩ | কুলিং সিস্টেম: | | | |
| | রেডিয়েটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ফ্যান | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ওয়াটার পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৪ | ফুয়েল সিস্টেম: | | | |
| | ফুয়েল ট্যাংক | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ফুয়েল পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | কার্বোরেটর/এফ.আই.পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইনজেকটার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | এয়ার ক্লিনার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৫ | ইলেট্রিক্যাল সিস্টেম: | | | |
| | ব্যাটারী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সেফ ষ্টার্টার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | অলটারনেটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | কার্ট আউট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হর্ণ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হেড ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাইড ল্যাম্প/পার্কিং ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |

| ক্রঃ নং | ইউনিট/মূল যন্ত্রাংশ/মডেল | বর্তমান অবস্থা (সঠিকটি টিক চিহ্ন দিন বাকীগুলো এক লাইনে কেটে দিন) | আনুমানিক মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | ইন্ডিকেটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইলেক্ট্রিক্যাশ ওয়্যারিং | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৬ | **ইগনিশান সিস্টেম:** | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইগনিশান সুইচ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইগনিশান কয়েল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ডিস্ট্রিবিউটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | স্পার্ক প্লাগ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | এইচ.টি তার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৭ | **ক্লাচ সিস্টেম:** | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৮ | **ষ্টিয়ারিং সিস্টেম:** | | | |
| | ষ্টিয়ারিং কলাম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ষ্টিয়ারিং হুইল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বল জয়েন্ট/কিং পিন | | | |
| | টাইরড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৯ | **ট্রান্সমিশন সিস্টেম** | | | |
| | গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | গিয়ার লিভার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাহায্যকারী গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | প্রপেলার শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ডিফারেনশিয়াল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সামনের এক্সল শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | চেইন এবং স্প্রোকেট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১০ | সাসপেনশন সিস্টেম: | | | |
| | ই- পেনডেন্ট সাসপেনশন | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাসপেনশন স্প্রীং এসেম্বলী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | শক এবজরভার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১১ | চেসিস ফ্রেম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১২ | ব্রেক সিস্টেম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হ্যান্ড ব্রেক | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১৩ | বিবিধঃ | | | |
| | হুইল রিম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টায়ার টিউব | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ড্যাশ বোর্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বাম্পার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বডি/ছাদ/ফ্লোর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | মার্ডগার্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |

| ক্রঃ নং | ইউনিট/মূল যন্ত্রাংশ/মডেল | বর্তমান অবস্থা (সঠিকটি টিক চিহ্ন দিন বাকীগুলো এক লাইনে কেটে দিন) | আনুমানিক মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | দরজা | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | উইন্ডশিল্ড গ্লাশ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সিটসমূহ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | পশ্চাৎ দর্শন আয়না | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | রং | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | | **মোট আনুমানিক মূল্যঃ** | | |

২। মোটরযানটির সংরক্ষিত মূল্য :

৩। মেরামত করিতে খরচের পরিমাণ:

৪। মেরামত পরবর্তী আনুমানিক মূল্য:

৫। পরিদর্শনকারীর মতামত :

বিবরণ প্রস্তুতকারীর নাম, স্বাক্ষর ও সিল

সংশ্লিষ্ট ব্যবহারকারী দপ্তর/বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, স্বাক্ষর ও সিল

সংশ্লিষ্ট দপ্তর/ বিভাগীয় প্রধানের নাম, স্বাক্ষর ও সিল

পরিশিষ্ট খ-১

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি মন্ত্রণালয়
দপ্তর /বিভাগের নাম ও ঠিকানা: ..........................

সরকারি নৌযান অকেজো ঘোষণার জন্য ব্যবহারকারী দপ্তর কর্তৃক
সরবরাহযোগ্য তথ্যবিবরণী

১। নৌযানের হালবডি বিস্তারিত বিবরণ:

(ক) নৌযানের নাম :
(খ) প্রিন্সিপ্যাল ডায়োম্যানশন :
(গ) সংগ্রহের তারিখ ও ক্রয়মূল্য :
(ঘ) বডিখানা যে মেটেরিয়াল এর তৈরি :
(ঙ) কত দিন যাবৎ অচল অবস্থায় আছে :
(চ) এ পযন্ত নৌযানটির সর্বমোট মেরামত ব্যয় (ইঞ্জিন ব্যতীত) :
(ছ) হাল বডিখানার বর্তমান অবস্থান ও অবস্থা :
(জ) অকেজো ঘোষণার কারণ :

২। নৌযানের ইঞ্জিনের বিস্তারিত বিবরণঃ

(ক) ইঞ্জিনের নাম ও ক্রমিক নং :
(খ) ইঞ্জিনের মেইক, মডেল, অশ্বশক্তি :
(গ) ইঞ্জিনের জ্বালানী খরচ প্রতি ঘন্টায় :
(ঘ) কত দিন যাবৎ অচল অবস্থায় আছে :
(ঙ) এ পযন্ত সর্বমোট কত ঘন্টা রানিং করিয়াছে (লগবই অনুযায়ী) :
(চ) এ পযন্ত মোট মেরামত :
(ছ) অকেজো ঘোষণার কারণ :

৩। নৌযানের জেনারেটর সর্ম্পকে বিস্তারিত বিবরণঃ

(ক) ইঞ্জিনের মেইক, মডেল, অশ্বশক্তি :
(খ) বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা :
(গ) কত দিন যাবৎ অচল অবস্থায় আছে :
(ঘ) অকেজো ঘোষণার কারণ :

৪। পরিদর্শনকারীর মতামতঃ

| | | |
|---|---|---|
| বিবরণ প্রস্তুতকারীর নাম, স্বাক্ষর ও সিল | সংশ্লিষ্ট ব্যবহারকারী দপ্তর/বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, স্বাক্ষর ও সিল | সংশ্লিষ্ট দপ্তর/ বিভাগীয় প্রধানের নাম, স্বাক্ষর ও সিল |

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি মন্ত্রণালয়
দপ্তর /বিভাগের নাম ও ঠিকানা: ..........................

বিএডিসি'র নৌযান অকেজো ঘোষণার জন্য কারিগরি প্রতিবেদন:

পরিদর্শনের তারিখ: ...............

নৌযানের নাম: নৌযানটি তৈরি ও সংগ্রহের তারিখ: ........................
বর্তমান অবস্থান: রেজিস্টেশন নাম্বার ও তারিখ: ...................

সম্পূর্ণ নৌযানটির (ইঞ্জিনসহ ক্রয়মূল্য):

১। হালবডি অংশ:

(ক) প্রিন্সিপাল ডায়মেনশন যথা-দৈর্ঘ্য ................... প্রস্থ ................ গভীরতা .................
(খ) হালবডির অবকাঠামো যে মেটেরিয়াল দ্বারা তৈরি :
(গ) কত দিন যাবত অচল অবস্থায় আছে :
(ঘ) এ পর্যন্ত সর্বমোট মেরামত ব্যয় :

২। হালবডির জন্য প্রযোজ্য:

(ক) নৌযানের হালবডি থেকে প্রাপ্ত স্ক্র্যাপ মালামালের পরিমাণ এবং আনুমানিক সংরক্ষিত মূল্য (বিস্তারিত আলাদা কাগজে সংযোজন করিতে হইবে):
(খ) হুইলহাউজ সুপারস্ট্রাকচার, হালবডি হইতে প্রাপ্ত মালামাল, যন্ত্রপাতির স্ক্র্যাপ হিসাবে আনুমানিক বাজার মূল্য (বিস্তারিত আলাদা কাগজে সংযোজন করিতে হইবে):

৩। হালবডির সর্বমোট সংরক্ষিত মূল্য: (ক+খ) : ............................................................

৪। ইঞ্জিন অংশ :

(ক) ইঞ্জিনের নাম, ব্রান্ড, ক্রমিক নং :

(খ) ইঞ্জিনের মেইক, মডেল ও অশ্বশক্তি :

(গ) ইঞ্জিনের জ্বালানী খরচ প্রতি ঘন্টায় :

(ঙ) এ পর্যন্ত সর্বমোট কত ঘন্টা চলিয়াছে :

(চ) ক্রয় সাল ও ক্রয়মূল্য :

(ছ) এ পর্যন্ত সর্বমোট মেরামত ব্যয় :

৫। ইঞ্জিনের জন্য প্রযোজ্য:

| ক্রমিক নং | ইউনিট/মূল যন্ত্রাংশের নাম | বর্তমান অবস্থা (সঠিকটি টিক চিহ্ন দিন বাকীগুলো এক লাইনে কেটে দিন) | আনুমানিক বাজার মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৫.১ | **ইঞ্জিন বডি সিস্টেম:** | | | |
| | ইঞ্জিন এসেম্বলি সিস্টেম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সিলিন্ডার হেড ও কিট সিলিন্ডার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | পাওয়ার কিটস | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সিলিন্ডার ব্লোক | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ৫.২ | **ফুয়েল সিস্টেম:** | | | |
| | ইনজেক্টরনোজেল/স্পার্ক প্লাগ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | এ,সি,পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হাইপ্রেশার ফুয়েলপাম্প/কার্বোরেটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ফুয়েল সার্ভিস ট্যাংক | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ৫.৩ | **কুলিং সিস্টেম:** | | | |
| | কুলিং ওয়াটার পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | কুলিং ফ্যান | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হিট এক্সচেঞ্জার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ৫.৪ | **প্রপালশন সিস্টেম:** | | | |
| | গিয়ার বক্স/গিয়ার এসেম্বলি | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | প্রপেলার শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | প্রপেলার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | স্টিয়ারিং হুইল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ৫.৫ | **স্টার্টিং সিস্টেম:** | | | |
| | সেলফ স্টার্টার/ স্টার্টার এসেম্বলি | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | চার্জিং ডায়নামো/সিডিআই | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইউনিট ও পাওয়ার প্যাক | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | কাট-আউট/ইগনেশন কয়েল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হেভিডিউটি ব্যাটারী/ব্যাটারী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | মিটার বোর্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | | **মোট আনুমানিক মূল্য :** | | |

৬। অক্সিলারি জেনারেটর : কার্যোপযোগী/অকেজো/নাই।

মেইক, মডেল, অশ্বশক্তি, সিলিন্ডার সংখ্যা, বিদ্যুৎ উৎপাদান ক্ষমতা

৭। ইঞ্জিনের সর্বমোট সংরক্ষিত মূল্য (৫+৬) : ..................................

৯। (ক) নৌযান/হালবডি/ইঞ্জিন মেরামত করত :
সচল ও ব্যবহার উপযোগী করিতে খরচ পরিবে :
(খ) এই খরচ নতুন নৌযান/ হালবডি/ইঞ্জিন এর
বর্তমান বাজার মূল্যের শতকরা ............ ভাগ।

১০। অকোজো ঘোষণার পক্ষে কারিগরি যুক্তি (প্রয়োজনের আলাদা সীট ব্যবহার করা যাবে):

১১। পরিদর্শনকারী কর্মকর্তার মতামত :

| | | |
|---|---|---|
| বিবরণ প্রস্তুতকারীর নাম, স্বাক্ষর ও সিল | সংশ্লিষ্ট ব্যবহারকারী দপ্তর/বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, স্বাক্ষর ও সিল | সংশ্লিষ্ট দপ্তর/ বিভাগীয় প্রধানের নাম, স্বাক্ষর ও সিল |

পরিশিষ্ট-গ

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি মন্ত্রণালয়
দপ্তর /বিভাগের নাম ও ঠিকানা: ..........................

## অচল/অকেজো ঘোষণাযোগ্য কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির তথ্য বিবরণী

### অংশ-'ক'

(সংশ্লিষ্ট দপ্তর পূরণ করিবে)
প্রয়োজনবোধে আলাদা সীট ব্যবহার করা যাইবে।

দপ্তর/বিভাগ .............................. প্রতিবেদনের তারিখ : ............

| তথ্য শিরোনাম | কম্পিউটার | আনুষঙ্গিক যন্ত্রপাতি |
|---|---|---|
| আইটেম | | |
| ব্রান্ড/মডেল | | |
| সংক্ষিপ্ত স্পেসিফিকেশন | | |
| ক্রয়/সংগ্রহ বৎসর | | |
| সরবরাহকারী প্রতিষ্ঠান | | |
| ওয়ারেন্টি কাল | | |
| ক্রয় মূল্য | | |
| রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ (সর্বশেষ ৫ বৎসর) | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| রক্ষণাবেক্ষণ ব্যয় (সর্বশেষ ৫ বৎসর) | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| বিকল হওয়ার তারিখ | | |
| বৈকল্যের কারণ/লক্ষণ | | |
| অকেজো ঘোষণাকরণের পক্ষে যুক্তি | | |
| মন্তব্য | | |

পরিদর্শনকারী কর্মকর্তার মতামত :

বিবরণ প্রস্তুতকারীর
নাম, স্বাক্ষর ও সিল

সংশ্লিষ্ট ব্যবহারকারী
দপ্তর/বিভাগের দায়িত্বপ্রাপ্ত

সংশ্লিষ্ট দপ্তর/ বিভাগীয় প্রধানের
নাম, স্বাক্ষর ও সিল

## অংশ-খ

### বিএডিসি'র আইসিটি সেল/ আইসিটি অধিদপ্তর এর ব্যবহারের জন্য

বিএডিসি'র আইসিটি সেল/ আইসিটি অধিদপ্তর'র একজন উপযুক্ত কারিগরি প্রতিনিধি (কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রয়োজনবোধে সরেজমিনে পরিদর্শন করিয়া) নীচের পূরণ করিয়া স্বাক্ষর করিবেন:

১। সাধারণ পর্যবেক্ষণ :

২। অকেজো ঘোষণা সংক্রান্ত সুপারিশ :

৩। সংরক্ষিত মূল্য :

৪। মন্তব্য :

৫। পরিদর্শনকারী কর্মকর্তার মতামত :

| | | |
|---|---|---|
| বিবরণ প্রস্তুতকারীর নাম, স্বাক্ষর ও সিল | সংশ্লিষ্ট ব্যবহারকারী দপ্তর/বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, স্বাক্ষর ও সিল | সংশ্লিষ্ট দপ্তর/ বিভাগীয় প্রধানের নাম, স্বাক্ষর ও সিল |

পরিশিষ্ট -ঘ

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি মন্ত্রণালয়
দপ্তর /বিভাগের নাম ও ঠিকানা: ..........................

পরিদর্শনের তারিখ: ......................

অচল/অকেজো ঘোষণাযাগ্য কৃষি যন্ত্রপাতি (পাওয়ার টিলার, ট্রাক্টর, ইঞ্জিন, মোটর, পাম্প, সরঞ্জামাদি, হারভেষ্টারসহ গ্রেডার, ড্রায়ার, পাওয়ার পাম্প, খুচরা যন্ত্রাংশ, হিমাগারের যন্ত্রাংশসহ সকল যন্ত্রপাতিসমূহ ইত্যাদি যন্ত্রাদির) তথ্য বিবরণীঃ

| ক্র: নং | মালামালের বিবরণ | সংখ্যা | ক্রয় বৎসর | বুক ভ্যালু | স্থানীয় দপ্তর কর্তৃক প্রস্তাবিত মূল্য | | কমিটি কর্তৃক নির্ধারত মূল্য | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | একক | মোট | একক | মোট | |
| ১. | | | | | | | | | |
| ২. | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | |
| ৬. | | | | | | | | | |
| ৭. | | | | | | | | | |
| ৮. | | | | | | | | | |
| ৯. | | | | | | | | | |
| ১০. | | | | | | | | | |
| ১১. | | | | | | | | | |
| ১২. | | | | | | | | | |
| ১৩. | | | | | | | | | |
| ১৪. | | | | | | | | | |
| ১৫. | | | | | | | | | |
| ১৬. | | | | | | | | | |
| ১৭. | | | | | | | | | |
| ১৮. | | | | | | | | | |
| ১৯. | | | | | | | | | |
| ২০. | | | | | | | | | |
| ২১. | | | | | | | | | |

পরিদর্শনকারী কর্মকর্তার মতামত :

বিবরণ প্রস্তুতকারীর
নাম, স্বাক্ষর ও সিল

সংশ্লিষ্ট ব্যবহারকারী দপ্তর/বিভাগের
দায়িত্বপ্রাপ্ত
কর্মকর্তার নাম, স্বাক্ষর ও সিল

সংশ্লিষ্ট দপ্তর/ বিভাগীয় প্রধানের
নাম, স্বাক্ষর ও সিল

পরিশিষ্ট -ঙ

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি মন্ত্রণালয়

দপ্তর /বিভাগের নাম ও ঠিকানা: ..........................

অচল/অকেজো ঘোষণাযাগ্য টাইপরাইটার, ডুপ্লিকিটেং মেশিন, ফটোকপিয়ার, ফ্রাংকিং মিশিন, এয়ার-কন্ডিশনার ইত্যাদি যন্ত্রাদির তথ্য বিবরণী:

প্রতিবেদনের তারিখ :..........................

১। মেশিনের নাম :

২। (ক) মেশিনের নম্বর :

(খ) মডেল নম্বর :

৩। (ক) সংগ্রহের উৎস :

(খ) সংগ্রহের/ক্রয়ের তারিখ :

(গ) ক্রয়মূল্য :

৪। মেশিনটি কত বৎসর ব্যবহৃত হইয়াছে :

৫। রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ :
(রক্ষণাবেক্ষণের ব্যায় উল্লেখ করিতে হইবে)

৬। (ক) বিকল হওয়ার তারিখ :

(খ) বিকল হওয়ার কারণ :

৭। অকেজো ঘোষণা করিবার পক্ষে যুক্তি:

৮। পরিদর্শনকারী কর্মকর্তার মতামত :

| | | |
|---|---|---|
| বিবরণ প্রস্তুতকারীর<br>নাম, স্বাক্ষর ও সিল | সংশ্লিষ্ট ব্যবহারকারী দপ্তর/বিভাগের<br>দায়িত্বপ্রাপ্ত<br>কর্মকর্তার নাম, স্বাক্ষর ও সিল | সংশ্লিষ্ট দপ্তর/ বিভাগীয় প্রধানের<br>নাম, স্বাক্ষর ও সিল |

পরিশিষ্ট -চ

# বিক্রয় সংক্রান্ত দরপত্র কমিটির গঠন, আর্থিক সীমা ও সম্মানীর বিবরণ

(ক) সদর দপ্তর:

১। বিক্রয় সংক্রান্ত দরপত্র কমিটি-১

| | | |
|---|---|---|
| আহবায়ক | - | চেয়ারম্যান, বিএডিসি। |
| সদস্য | - | পরিচালক (অর্থ/বীজ ও উদ্যান/সার ব্যবস্থাপনা/ক্ষুদ্রসেচ), বিএডিসি |
| সদস্য সচিব | - | বিক্রিতব্য সম্পত্তি/মালামালের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান। |
| বিক্রয়মূল্য সীমা | - | সরেজমিনে ৩০.০০ লক্ষ টাকার উর্ধ্বে প্রাক্কলিত মূল্য । তবে বিক্রয় মূল্য ২.০০ কোটি টাকার বেশি হলে কৃষি মন্ত্রণালয়ের অনুমোদন নিতে হবে। |
| সম্মানী | - | প্রতি সভার জন্য সদস্য প্রতি ১০০০ (এক হাজার) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন) টি সভার জন্য ৩০০০ (তিন হাজার) টাকা। |

২। বিক্রয় সংক্রান্ত দরপত্র কমিটি-২

| | | |
|---|---|---|
| আহবায়ক | - | পরিচালক (অর্থ), বিএডিসি |
| সদস্য | - | মহাব্যবস্থাপক (ক্রয়), বিএডিসি |
| | - | মহাব্যবস্থাপক (অর্থ), বিএডিসি |
| সদস্য সচিব | - | বিক্রিতব্য সম্পত্তি/মালামালের সংশ্লিষ্ট দপ্তর/বিভাগীয় প্রধান |
| বিক্রয়মূল্য সীমা | - | ৩০.০০ লক্ষ টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্য |
| সম্মানী | - | প্রতি সভার জন্য সদস্য প্রতি ৬০০ (ছয়শত) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন) টি সভার জন্য ১৮০০ (এক হাজার আটশত) টাকা। |

(খ) মাঠ পর্যায়:

১। জেলা /অঞ্চল:

| | | |
|---|---|---|
| আহবায়ক | - | ৫ম গ্রেডের সর্বজ্যেষ্ঠ কর্মকর্তা। (সর্বজ্যেষ্ঠ কর্মকর্তা ব্যবহারকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হলে অন্য জ্যেষ্ঠতম কর্মকর্তা আহবায়কের দায়িত্ব পালন করিবেন।) |
| সদস্য | - | উপপরিচালক, বিএডিসি /নির্বাহী প্রকৌশলী, বিএডিসি |
| | - | আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক |
| সদস্য সচিব | - | বিক্রিতব্য সম্পত্তি/মালামালের সংশ্লিষ্ট দপ্তর/বিভাগীয় প্রধান |
| মূল্য সীমা | - | ১৫.০০ লক্ষ টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্য |
| সম্মানী | - | প্রতি সভার জন্য সদস্য প্রতি ৬০০ (ছয়শত) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন) টি সভার জন্য ১৮০০ (এক হাজার আটশত) টাকা। |

পরিশিষ্ট-ছ

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা, ঢাকা
(সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ)
ওয়েব সাইট: www.badc.gov.bd

স্মারক নং- [illegible].০৭.০১.০৫.১২৩.২০০৭- (৫৯)২ তারিখ: ২৩ অগ্রহায়ণ, [illegible] / ০৭ ডিসেম্বর, [illegible]

## অফিস আদেশ

পরিচালনা পর্ষদের ২৯ নভেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সংস্থার বিভিন্ন স্থাপনাদি ও জমি ভাড়া/লিজ প্রদান, পুরাতন/অকেজো মালামাল ও যন্ত্রপাতির বিক্রয়মূল্য নির্ধারণ এবং সংস্থা কর্তৃক উৎপাদিত, সংগৃহীত বীজ ও তৎসম্পর্কিত অন্যান্য পণ্যের ক্রয় ও বিক্রয়মূল্য নির্ধারণের জন্য "[illegible] নির্ধারণ কমিটি" নিম্নরূপ পুনর্গঠন করা হলো :

১. চেয়ারম্যান, বিএডিসি, ঢাকা.......................................................... সভাপতি।
২. সদস্য পরিচালক (অর্থ/সার ব্যবস্থাপনা/ক্ষুদ্রসেচ/বীজ ও উদ্যান), বিএডিসি, ঢাকা.......... সদস্য।
৩. সচিব, বিএডিসি, ঢাকা.......................................................... সদস্য।
৪. সংশ্লিষ্ট বিভাগের মহাব্যবস্থাপক/প্রধান প্রকৌশলী/সমপর্যায়ের কর্মকর্তা.............সদস্য সচিব।

কমিটির কার্যপরিধি:

[illegible] সংস্থার বিভিন্ন স্থাপনাদি ও জমি ভাড়া/লিজ প্রদান, পুরাতন ও অকেজো মালামাল ও যন্ত্রপাতি বিক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ এবং
[illegible] সংস্থা কর্তৃক উৎপাদিত, সংগৃহীত বীজ ও তৎসম্পর্কিত অন্যান্য পণ্যের ক্রয় ও বিক্রয়মূল্য নির্ধারণ।
[illegible] প্রশাসন উইং এর স্থাপনাদি ও জমি ভাড়া/লিজ প্রদান, পুরাতন ও অকেজো মালামাল ও যন্ত্রপাতির বিক্রয়মূল্য নির্ধারণের ক্ষেত্রে সচিব, বিএডিসি কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।
[illegible] উপর্যুক্ত বিষয়ে বিএডিসি'র সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক ইতোপূর্বে জারীকৃত সকল অফিস আদেশ [illegible] বাতিল বলে গণ্য হবে।

০৭/১২/১৭
(তুলসী রঞ্জন সাহা)
সচিব
বিএডিসি, ঢাকা।
ফোন নং-[illegible]
secretary@badc.gov.bd

স্মারক নং- [illegible].০৭.০১.০৫.১২৩.২০০৭- (৫৯)২ তারিখ: ২৩ অগ্রহায়ণ, [illegible] / ০৭ ডিসেম্বর, [illegible]

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

[illegible] সচিব (SMAK) ............................................................ বিএডিসি, ঢাকা।
[illegible] প্রধান (মনিটরিং), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
[illegible] চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
[illegible] সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ/বীজ ও উদ্যান /অর্থ/সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা
[illegible] অফিস কপি।

০৭/১২/১৭
(মোঃ আবুল কালাম আজাদ)
উপসচিব (সংস্থা)
বিএডিসি, ঢাকা।
ফোন নং-[illegible]
[illegible]@badc.gov.bd